

৩০/১০/১৮

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০১৬.১৮- ৬ ৫১৬

তারিখ: ৩০/১০/১৮ ১৪২৫
২৫/১১/১৮ ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব দেবশীষ সিংহ, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা (সাবেক ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, দেবহাটা, সাতক্ষীরা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (এ) (iv) ও ৩(বি) উপবিধি অনুযায়ী যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে গত ০১/০৪/২০১৮ খ্রি: তারিখে বিভাগীয় মামলা এইউইও/বিমা-১০/১৮/১৯৫ রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৩/০৫/২০১৮ খ্রি: তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ১৩/০৮/২০১৮ খ্রি: তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক পর্যালোচনায় তাকে লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব দেবশীষ সিংহ, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা (সাবেক ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, দেবহাটা, সাতক্ষীরা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২)(এ) [বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪ (২)(ক)] উপবিধি মোতাবেক “তিরস্কার (Censure)” দণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৫/১১/১৮

ড.মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
মহাপরিচালক

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০১৬.১৮- ৬ ৫১৬/১২

তারিখ: ৩০/১০/১৮ ১৪২৫
২৫/১১/১৮ ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব (প্রশাসন-১)
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপপরিচালক (তদন্ত ও শৃঙ্খলা/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা/সাতক্ষীরা।
৮. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, তেরখাদা, খুলনা।
৯. উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা।
১০. জনাব দেবশীষ সিংহ, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা।
১১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
সংরক্ষণ নথি।

২৫/১১/১৮
(মো: আবুল কাশেম মিয়া)
সহকারী পরিচালক
তদন্ত ও শৃঙ্খলা শাখা
ফোন: ৫৫০৭৪৮৮০